

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন
আইসিটি শাখা
ই-৮/বি-১, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও,
ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৭.১৬.০০০১.২৫.৩

বিষয়: সমাজসেবা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের দৈনন্দিন দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল (E-mail) ব্যবহার এবং
কার্যালয়সমূহের ওয়েব পোর্টাল (Web Portal) হালনাগাদকরণ।

সূত্র: ৪১.০১.০০০০.০০০.০১৭.১৬.০০০১.২৫.১ তারিখ: ১৩ জুলাই ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ই-মেইল নীতিমালা-২০১৮ ও সচিবালয় নির্দেশমালা ২০২৪ মোতাবেক সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দৈনন্দিন দাপ্তরিক কাজে নিরাপদ ও গ্রহণযোগ্য পদ্ধতিতে সরকারি ই-মেইল ব্যবহারে বাধ্যবাধকতা থাকায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদেয় সকল ডিজিটাল সার্ভিস ব্যবহার এবং এবিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য সূত্রস্মারক মোতাবেক একটি নির্দেশনা পত্র প্রেরণ করা হয়।

২। কিন্তু দেখা যায় সমাজসেবা অধিদপ্তরাধীন অনেক কার্যালয়ে প্রদেয় সরকারি ই-মেইল (E-mail) ব্যবহার নাকরাসহ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল (Web Portal) এর কন্টেন্টসমূহ এখনো হালনাগাদ রাখা হচ্ছেনা। পাশাপাশি হাসপাতাল ও প্রবেশন সমাজসেবা কার্যালয়সমূহের তথ্যাদি জাতীয় তথ্য বাতায়নের web portal-এ পাওয়া যাচ্ছেনা।

৩। এমতাবস্থায়, সরকারি কাজে সরকারি ই-মেইল ব্যবহার, ওয়েব পোর্টাল (Web Portal) হালনাগাদ করা এবং তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নাগরিকদের সরকারি দপ্তরের ওয়েবসাইটসমূহ তথ্য প্রাপ্তির স্বীকৃত উৎস হিসাবে বিবেচিত হওয়ায় এখনো যেসব কার্যালয়/হাসপাতাল ও প্রবেশন সমাজসেবা কার্যালয় web portal-এ সংযুক্ত হয়নি তাদেরকে জাতীয় তথ্য বাতায়নের pms.portal.gov.bd এর নির্দেশনা অনুসরণপূর্বক প্রকল্প পরিচালক, জাতীয় তথ্যবাতায়ন, ঢাকা বরাবর আবেদন প্রেরণ করে web portal-এ সংযুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

এসংক্রান্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরি সহায়তা (Technical Support) পেতে নিম্নবর্ণিত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	মোবাইল ও ই-মেইল
জনাব মোঃ ইউসুফ আলী, সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।	০১৮২৭৮০৮৩৬৯ ap.ict@dss.gov.bd

সকল সংযুক্তিসমূহ:

(১) সূত্র পত্র



১৬-১১-২০২৫
মোহাম্মদ আবদুল হামিদ মিয়া
পরিচালক

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল)।।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৭.১৬.০০০১.২৫.৩/১ (৯)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ২। জাতীয় প্রকল্প পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। কর্মসূচী পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপপরিচালক, (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।।
- ৭। উপপরিচালক, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।।
- ৮। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সকল।
- ৯। -----, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।



Abirul

২৪-১১-২০২৫
মো: রবিউল করিম
উপপরিচালক